



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৬

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: প্রবিধানমালা ২০০৯ এর ৫(৩) ধারা অনুসারে স্থানীয় মাননীয় সদস্য এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সাথে আলোচনাক্রমে আলোচনার প্রামাণকসহ ৩ জন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত বোর্ডের নিকট প্রেরণ করা প্রসঙ্গে

সূত্র: ক) মাননীয় সংসদ সদস্য জনাব তাহজীব আলম সিদ্দিকী-এর গত ১১-১২-২০২১ খ্রি. তারিখের এবং ০৬-০২-২০২২ খ্রি. তারিখের ডিও পত্র
খ) ই-ফাইলের ১০৬৭৪ নং আইডির আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি স্তরের কোনো উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ অথবা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের নবগঠিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়নের জন্য "মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯" এর ৫(৩) উপধারা অনুসারে স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সাথে আলোচনাক্রমে ০৩ জন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত বোর্ডের নিকট প্রেরণ করার বিধান রয়েছে। কিন্তু ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ-এর অধ্যক্ষ সংশ্লিষ্ট কলেজের নবগঠিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়নের জন্য স্থানীয় নির্বাচিত সংসদ সদস্যের সাথে কোনো প্রকার আলোচনা করেননি বলে ৮২, ঝিনাইদহ-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব তাহজীব আলম সিদ্দিকী গত ১১-১২-২০২১ এবং ০৬-০২-২০২২ খ্রি. তারিখে এ বোর্ডের চেয়ারম্যান বরাবর প্রেরিত ডিও পত্রে উল্লেখ করেছেন।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ- এর নবগঠিত গভর্নিং বডি'র সভাপতি মনোনয়নের জন্য প্রবিধানমালা ২০০৯ এর ৫(৩) উপধারা অনুসারে স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সাথে আলোচনাক্রমে আলোচনার প্রামাণকসহ ০৩ জন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত ছক অনুসারে বোর্ডের নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

কে এম রস্বানী

কলেজ পরিদর্শক

অধ্যক্ষ, কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৬/১

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১০-২-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক